



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২/ঢাকা/ ৪০২৯

তারিখ : ২৭/১১/২০২০

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

- সূত্র : (১) বোর্ডের ৩০/০৩/২০১৪ তারিখের ১৯৭৩ নং পত্র।
(২) বোর্ডের ০১/০৪/২০১৮ তারিখের ৫০৯৪ নং পত্র।
(৩) প্রধান শিক্ষকের ২৭/০৮/২০২০ তারিখের (অনলাইনে) আবেদন।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়টি ০১/০১/২০১৪ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত এবং ০১/০১/২০১৮ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিপ্রাপ্ত। পাঠদানের মেয়াদ শেষে নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি বিষয়ে কোন পদক্ষেপও গ্রহণ করা হয়নি। ফলে দীর্ঘদিন থেকে বিদ্যালয়টি একাডেমিক স্বীকৃতিবিহীন পরিচালিত হয়ে আসছে।

এছাড়া নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপত্রের ১১নং শর্ত অনুযায়ী বিগত ৩১/১২/২০১৫ তারিখের মধ্যে বিদ্যালয় নিজস্ব জায়গায় স্থানান্তর করার নির্দেশনার শর্ত ছিল- ব্যর্থতায় পাঠদানের প্রাথমিক অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে মর্মে প্রদত্ত শর্তটিও প্রতিপালিত হয়নি।

এমতাবস্থায়, নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি গ্রহণ না করে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা করা এবং নিজস্ব জায়গায় বিদ্যালয় স্থানান্তর না করায় কেন নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপত্র প্রত্যাহার করা হবে না- মর্মে পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

প্রাপক : প্রধান শিক্ষক
✓ ইউরোপিয়ান স্ট্যান্ডার্ড স্কুল
সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



২৭/১১/২০২০
প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

মেমো নং- ৪০২৯ (৭)

তারিখ : ২৭/১১/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। সভাপতি, নির্বাহী কমিটি, ইউরোপিয়ান স্ট্যান্ডার্ড স্কুল।
- ৭। অফিস কপি।


২৭/১১/২০২০
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।